# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 MAY 2025                    7:45—7:55 PM IST**

==================================================

(১) দেশের সুরক্ষার জন্যে সেনা জওয়ানদের আত্মত্যাগের প্রতি সম্মান জানিয়ে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে আজ রাজ্য বিজেপির তিরঙ্গা যাত্রা কার্যসূচী/

(২) বিচারপতি ভূষণ রামকৃষ্ণ গাওয়াই আজ ভারতের ৫২তম মুখ্য বিচারপতি হিসেবে শপথ গ্রহণ/

(৩) দেশবাসীর মধ্যে দেশপ্রেমের ভাব অধিক জাগ্রত করার উদ্দেশ্যে আকাশবাণীর সংবাদসেবা বিভাগের আগামীকাল থেকে দশদিন ব্যাপী বিশেষ কার্যসূচী/

এবং

(৪) কেন্দ্রীয় কৃষি, কৃষক কল্যাণ এবং গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আসাম সহ উত্তর পূর্বাঞ্চলের তিনটি রাজ্যের চারদিনের সফরসূচী নিয়ে আজ মিজোরামে/

---

অপারেশন সিন্দুরের সফলতার পর সশস্ত্র বাহিনীর বীরত্বকে উদযাপনের উদ্দেশ্যে  সমগ্র দেশে ১১ দিনব্যাপী শৌর্য সম্মান যাত্রা শীর্ষক তিরংগা যাত্রা কার্যসূচী অব্যাহত রয়েছে । আসাম প্রদেশ বিজেপি আজ আদাবারীর  অটল উদ্যান থেকে কামাখ্যা মন্দিরের নীচের সড়ক পর্যন্ত এই যাত্রা অব্যাহত রাখে । বিজেপির নেতা কর্মীদের উপস্থিতিতে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এই যাত্রার সূচণা করেন ।রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকীয়া , সাংসদ বিজুলী কলিতা মেধি সহ দলীয় সদস্যরা এই যাত্রায় অংশ নেন ।তিরংগা যাত্রায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন যে অপারেশন সিন্দুরের মাধ্যমে সেনাবাহিনী গৌরব ও পরাক্রমের নিদর্শন তুলে ধরেছে ।রাজ্যবাসীকে এই ত্রিরংগা যাত্রার

অংশীদার হয়ে সেনাবাহিনীর এই পরাক্রমকে উদযাপন করতে তিনি জনসাধারণের প্রতি আহ্বান জানান ।এই কার্যসূচীতে অংশ নিয়ে শ্রী শইকীয়া বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতীয় সেনা পাকিস্তানকে যোগ্য প্রত্যুত্তর দিতে সমর্থ হয়েছে । তিনি বলেন ---

বাইট

রাজ্যের অন্যান্য স্থানের সংগে কার্বি আংলং এর ডিফুতে , ডিফু জাতীয় সুরক্ষা নাগরিকের উদ্যোগে তিরংগা যাত্রা বের করা হয় ।

---------------------------------------------------------------------------------

লক্ষ্মীপুর সমজেলায় ও আজ তিরংগা যাত্রা বের করা হয় । লক্ষ্মীপুর সি ডি সি কার্যালয় থেকে এই যাত্রা শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে নির্মীয়মাম লক্ষ্মীপুর হাসপাতালের সামনে এসে শেষ হয় । এই যাত্রার সূচনা করেন রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই ।

---------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে আজ হাইলাকান্দি শহরে তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়েছে । টেম্পুর দত্তপাড়া থেকে যাত্রাটি শুরু হয়ে শহর পরিক্রমা করে মাটিজুরী গ্রামে এসে শেষ হয় ।

এদিকে কাছাড় জেলার নাগরিক সমাজের উদ্যোগে আগামীকাল শিলচর জেলা ক্রীড়া সংস্থার ময়দান থেকে অপারেশন সিন্দুরের সাফল্যে তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়েছে । বেলা ১২টায় এই যাত্রার সূচনা হবে ।

---------------------------------------------------------------------------------

দেশের চিফ অব ডিফেন্সস টাফ জেনারেল অনিল চৌহান, স্থলসেনার প্রধান- জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, নৌ-সেনার প্রধান এডমিরাল দীনেশ কে ত্রিপাঠী এবং বায়ুসেনার প্রধান এয়ার মার্শাল এ পি সিং আজ রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করে সিন্দুর অভিযান সম্পর্কে তাঁকে অবগত করান । সামাজিক মাধ্যমের একটি পোস্টে রাষ্ট্রপতি সেনাবাহিনীর জওয়ানদের বীরত্ব এবং আত্মোৎসর্গের মনোভাবের প্রশংসা করেছেন । সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের গ্রহণ করা কঠোর প্রতিরোধে সেনাবাহিনী মুখ্য ভূমিকা গ্রহণ করেছে বলেও রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু প্রকাশ করেছেন ।

এদিকে প্রতিরক্ষা বাহিনীর প্রধান জেনারেল অনিল চৌহান সহ স্থলসেনার প্রধান-জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, নৌ-সেনার প্রধান এডমিরাল দীনেশ কে ত্রিপাঠী এবং বায়ুসেনার প্রধান এয়ার মার্শাল এ পি সিং সিন্দুর অভিযানের সফল রূপায়ণ সম্পর্কে নিজেদের মতামত এবং অভিজ্ঞতার কথা তুলে ধরেন । এই আলোচনায় স্পষ্ট সংজ্ঞাকৃত কৌশলগত নীতি-নির্দেশনা এবং আধুনিক বহুপাক্ষিক অভিযানের ফলপ্রসূ রূপায়ণের মাধ্যমে সেনাবাহিনী সবকটি শাখার মধ্যে গড়ে ওঠা সমন্বয়ের বিষয়ে আলোকপাত করা হয়েছে । সিন্দুর অভিযানের সময়ে সেনা বাহিনীর তিনটি শাখার যৌথ ক্ষমতার সার্থক প্রদর্শন প্রত্যক্ষ করা গেছে । এই অভিযানে প্রবীণ সৈনিক এবং কৌশলগত বিষয়ে বিশেষজ্ঞদের সঙ্গে হওয়া আলাপ-আলোচনা এবং তাদের অবদানও ছিল চোখে পড়ার মতো ।

---

বিচারপতি ভূষণ রামকৃষ্ণ গাভাই আজ ভারতের ৫২ তম মুখ্য বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেন । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে বিচারপতি গাভাইকে শপথবাক্য পাঠ করান । বিচারপতি গাভাই আগামীকাল কার্যকাল সমাপ্ত হোয়া বিচারপতি সঞ্জীব খান্নার স্থলাভিষিক্ত হবেন । তিনি আগামী ছমাস দেশের মুখ্য বিচারপতি হিসেবে কার্যনির্বাহ করবেন । ২০১৯ সাল থেকে উচ্চতম ন্যায়লয়ের বিচারপতি হিসেবে কার্যনির্বাহ করা শ্রী গাভাই বিমুদ্রাকরণ থেকে আরম্ভ করে নির্বাচনী বন্ড পর্যন্ত কম করে ও ৩০০ টি মামলার সংগে জড়িত ছিলেন । উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী ও উচ্চতম ন্যায়লয়ের বিচারপতিরা শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

---

রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু ডঃ অজয় কুমারকে কেন্দ্রীয় লোকসেবা আয়োগের অধ্যক্ষ হিসেবে নিয়োগ করেছেন । কেন্দ্রীয় কর্মচারী ও প্রশিক্ষণ বিভাগের জারি করা নির্দেশনা অনুসারে ডঃ কুমার কার্যভার গ্রহণ করার দিন থেকে অধ্যক্ষ হিসেবে তাঁর কার্যকাল আরম্ভ হবে । ডঃ কুমার ১৯৮৫ ব্যাচের কেরালা ক্যাডারের ভারতীয় প্রশাসনিক সেবার একজন অবসরপ্রাপ্ত আধিকারিক । তিনি এর আগে ২০১৯ সাল থেকে ২০২২ সালের অক্টোবর মাস পর্যন্ত প্রতিরক্ষা সচিব হিসেবে কর্মরত ছিলেন ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ সোণাপুরের কচুতলিতে উচ্ছেদ করা অঞ্চলে উপস্থিত হয়ে দশম পুলিশ বেটেলিয়নের আধুনিক প্রশিক্ষণের জন্য সুবিধাসম্পন্ন প্রাংগনের জন্য বন্টন করা জমি পরিদর্শন করেন । উল্লেখ্য রাজ্য সরকার কচুতলীতে উচ্ছেদ চালিয়ে এক হাজার বিঘা জমি মুক্ত করেছিল । প্রায় ১০০ বিঘা জমি অর্ন্তভূক্ত এই জমিতে পুলিশ বেটেলিয়নের প্রশিক্ষণের কার্যালয়টি নির্মাণ করা হবে । আগামী ছমাসের মধ্যে কার্যালয়টির নির্মাণকাজ আরম্ভ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় ড: শর্মা বলেন যে উচ্ছেদ হোয়া লোকেরা প্রকৃত ভারতীয় বলে প্রমাণিত হলে নিজেদের স্থানে জমি প্রদান করা হবে । তিনি রাজ্যবাসীকে দালাল চক্র এড়িয়ে চলতে আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------

অপারেশন সিন্দুর এবং এর পরবর্তী দিনগুলিতে ভারতীয় সেনাবাহিনীর লাভ করা সাফল্যের বিষয়ে জনসাধারণের সঙ্গে পরিচয় করিয়ে দিতে আকাশবাণী বেশকয়েকটি অনুষ্ঠান প্রচারের সিদ্ধান্ত নিয়েছে । সেই অনুসারে আকাশবাণী দিল্লি কেন্দ্র পরমবীর চক্র লাভ করা দেশের বীর সেনানীদের বীরগাঁথা আগামীকাল থেকে প্রতিটি বুলেটিনে প্রচার করবে । আকাশবাণী গুয়াহাটি কেন্দ্রের সংবাদ বিভাগও আগামীকাল থেকে নিজেদের সংবাদ বুলেটিনে দেশের জন্যে অপরিসীম সাহসের সঙ্গে যুদ্ধ করে যাওয়া রাজ্যের প্রাক্তন সৈনিক, তাদের পরিবার এবং সমাজের নেতৃস্থানীয় লোকেদের মতামত প্রচার করবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কৃষি, কৃষক কল্যাণ এবং গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আসাম সহ উত্তর পূর্বাঞ্চলের তিনটি রাজ্যে চারদিনের সফরে আজ বিকেলে মিজোরামের এসেছেন । এই সফরে তিনি কষি, উদ্যানশস্য, পশুপালন, এবং গ্রামোন্নয়নের সঙ্গে জড়িত কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প পর্যালোচনা করবেন । এছাড়া বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন করবেন । তিনি বহু কৃষক ও হিতাধিকারীর সঙ্গে মত বিনিময় করবেন । আগামী শুক্রবার তিনি কাজিরাঙ্গা রাষ্ট্রীয় উদ্যান সফরে এসে রাজ্যের কৃষি মন্ত্রী ও সাংসদদের সঙ্গে মত বিনিময় করবেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব আগামী দোসরা জুন থেকে শিলচর বিমান বন্দর থেকে চলাচল করা এয়ার ইন্ডিয়ার সব বিমান বন্ধ করার সিদ্ধান্তের প্রতিবাদে আজ টাটা সনস এয়ার ইন্ডিয়ার অধ্যক্ষ এন চন্দ্রশেখরণকে সিদ্ধান্ত পুর্নবিবেচনা করার আবেদন জানিয়ে পত্র পাঠিয়েছেন । পত্রে সাংসদ শ্রীমতি দেব বরাক উপত্যকার ৪০ লক্ষ জনসাধারনের

যাতায়াত ব্যবস্থা এর দ্বারা প্রভাবিত হবে বলে এই পত্রে অভিযোগ করেছেন । সাংসদ শ্রীমতি দেব এয়ার ইন্ডিয়ার এই সিদ্ধান্তের প্রতিবাদে বিষয়টিতে রাজ্যের মূখ্যমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন ।

---

শিলচর শ্যামাপ্রসাদ রোডের প্রবীন নাগরিক রাজ্যের অবসরপ্রাপ্ত ডি এস পি নিশীথ রঞ্জন লস্করের স্ত্রী অপর্ণা লস্কর আজ সকালে শিলচরের একটি বেসরকারী নার্সিং হোমে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৭২ । তিনি বেশকিছুদিন থেকে দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত ছিলেন । জননেতা নিবারণ চন্দ্র লস্কর, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী নীহার রঞ্জন লস্করের পরিবারের সদস্য অপর্ণা লস্করের মৃত্যুতে রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রকের সচিব নিবেদিতা লস্কর , জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের অবসরপ্রাপ্ত মূখ্য কার্য্যবাহী বাস্তুকার নিখিল রঞ্জন লস্কর , সাংবাদিক তমোজিৎ ভট্টাচার্য্য সহ বহু বিশিষ্ট ব্যক্তি গভীর শোক প্রকাশ করেছেন । তিনি স্বামী এক পুত্র এবং কন্যা সহ পরিবারের সদস্য এবং অসংখ্য গুণমুগ্ধকে রেখে গেছেন ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার ময়দানে আজ থেকে নুরুদ্দিন আহমেদ সিনিয়র আন্ত:জেলা ক্রিকেট প্রতিযোগীতার বি গ্রুপের খেলা অনুষ্ঠিত হচ্ছে । আজ প্রথম ম্যাচে শ্রীভূমি জেলা ও তেজপুরের মধ্যে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল । তবে ভারী বৃষ্টিপাতের ফলে আজকের খেলা বাতিল করা হয় ।

---

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদ এবছর উচ্চতর মাধমিকের ছাত্র ছাত্রীদের জন্য কৃত্রিম বুদ্ধীমত্তা , অর্থনৈতিক সাক্ষরতা ও সাংকেতিক ভাষা এই তিনটি নতুন ঐচ্ছিক বিষয় প্রবর্তন করেছে । শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু আজ আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধ্যক্ষ , উপাধক্ষ্য ও আই আই টি গৌহাটীর সঞ্চালকের উপস্থিতিতে আই আই টি গৌহাটীতে শিক্ষক শিক্ষয়িত্রীদের জন্য তিনদিনের আবাসিক কৃত্রিম বুদ্ধিমত্তা প্রশিক্ষণ কার্যসূচী উদ্ভোধন করেন এবং কৃত্রিম বুদ্ধিমত্তার পাঠ্যবই প্রকাশ করেন ।

---